12-10-34

# মা

উদ্বোধন রজনী

১২ই অক্টোবর শুক্রবার,

১৯৩৪

ছায়া

CHAYA

PHONE B. B. 282.

মূল্য এক আনা মাত্র।

এবার পূজার—

শ্রেষ্ঠ উপহার—




আপনাকে আরও সুন্দর দেখাবে

কারণ

মাথা ঠাণ্ডা থাক্‌লে মুখের চেহারাও সুন্দর দেখায়

—ঃ বন কুসুম কেশ তৈল ঃ—

নিত্য ব্যবহারে মাথা খুব ঠাণ্ডা থাকে।

সৌরভ স্নিগ্ধ ও অধিকক্ষণ স্থায়ী

সমস্ত ষ্টেশনারী ও ঔষধের দোকানে পাওয়া যায়।

# মা !

## চরিত্র

### পুরুষগণ

| | |
|---|---|
| মৃত্যুঞ্জয় … … | সানু গোস্বামী |
| অরবিন্দ … … | ভাস্কর দেব ( এঃ ) |
| অজিত ( বড় ) … … | বিনয় গোস্বামী |
| „ (ছোট) … … | মাষ্টার প্রবোধ |
| দিনু মিত্তির … … | রাধানাথ ভট্টাচার্য্য |
| নিতাই ঘোষ … … | ইন্দু মুখার্জ্জী |
| আদিত্য বাবু … … | সত্যপ্রসন্ন ঘোষাল |
| শৈলেশ ( অরবিন্দের বন্ধু ) … | সুধীর দত্ত |
| কার্ত্তিক … … | সত্যেন সর্ব্বাধিকারী |

### স্ত্রীগণ

| | |
|---|---|
| মনোরমা … | পদ্মাবতী |
| ব্রজরাণী … | কাননবালা |
| অরবিন্দের মাতা … | মনোরমা |
| দুর্গাসুন্দরী … | সুরবালা |
| ঊষা … | রেণুবালা |
| শরৎশশী … | প্রভাবতী |

---

প্রযোজক ও পরিচালক—প্রফুল্ল ঘোষ

সহ-পরিচালক—দেবকুমার বসু, এম্-এ, বি-এল্

শব্দ-যন্ত্রী—ব্রাড্‌বার্ণ চিত্র-শিল্পী—পল ব্রিকে

সঙ্গীত রচয়িতা—বসন্তকুমার চট্টোপাধ্যায়

সুর—বিনয় গোস্বামী

DISPLAY YOUR SLIDES

IN

CALCUTTA CINEMA HOUSES

AT

CHEAPEST RATES

THROUGH

Oriental Publicity Service.

26, SUBURBAN SCHOOL ROAD.

BHOWANIPUR.

Experienced Agents Wanted on Commission or Pays

Apply Personally.


# মা

## ( কাহিনী )

মৃত্যুঞ্জয় বসু ছিলেন ভাগলপুরের প্রসিদ্ধ উকিল—লোকে বলিত, তাঁর মত জেদী লোক না'কি আর ছিল না। এই মৃত্যুঞ্জয় বসুর একমাত্র পুত্র অরবিন্দ যখন কলিকাতায় কলেজে পড়িত, সে সময় সহাধ্যায়ী নিতাই'র সঙ্গে তাহার খুব বন্ধুত্ব হয়, অবস্থার পার্থক্য-সত্ত্বেও। প্রায়ই ছোট-খাট ছুটীতে অরবিন্দ নিতাইদের গ্রামে তাহার সহিত বেড়া-ইতে যাইত। সেই পল্লীগ্রামে একটী জিনিষ অরবিন্দকে




অত্যন্ত মুগ্ধ করিয়াছিল—তাহা হইতেছে সুন্দরী, সুশীলা, কিশোরী—মনোরমা। অবশেষে

*For Best Advertisement in*

**Jessore and Surrounding Districts**

DISPLAY YOUR SLIDE

*AT*

# JESSORE CINEMA

IN

## B. SIRCAR MEMORIAL HALL.

*NOW SHOWING*

## NEW THEATRE PRODUCTION

# "CHANDIDAS"

**BOOM YOUR GOODS**

THROUGH

Handbills, distributed 15,000 per week.

Posters & Programme of attractive designs.

FOR TERMS

*Apply to*

**Oriental Publicity Service.**

26, Suburban School Road,

CALCUTTA.



ঘটনাবিপর্য্যয়ে পিতার মতামত না লইয়াই অরবিন্দ মনোরমাকে বিবাহ করিয়া ফেলিল। ক্রমে অরবিন্দের পরিবারের সকলেই ইহা জানিতে পারিলেন এবং অরবিন্দের মাতার সনির্ব্বন্ধ আকাঙ্ক্ষায় মনোরমাকে তাঁহারা গ্রহণ করিলেন। দিন সুখেই কাটিতে লাগিল। শাশুড়ীর স্নেহ, ননদদের ভালবাসা এবং স্বামীর প্রেম সবই মনোরমা পাইল বটে—কেবল সে জয় করিতে পারিল না তাহার শ্বশুরকে। মৃত্যুঞ্জয় বসুর হৃদয়ের কোণেও মনোরমার স্থান হইল না। অবশেষে একদিন, অরবিন্দ তখন কলিকাতায়, মৃত্যুপথযাত্রীণী মাতাকে দেখিবার জন্য মনোরমাকে লইয়া যাইতে তাহার পিতা আসিলেন। বিবাহের পণ স্বরূপ মৃত্যুঞ্জয় বসু যে অর্থ তাঁহার বৈবাহিকের কাছে দাবী করিয়াছিলেন তাহা




দিবার মত সাধ্য মনোরমার পিতার ছিল না। এজন্য অনেক অপমান তিনি সহ্য করিয়াছিলেন। অবশেষে কন্যাকে লইতে আসিবার সময় তৈজসপত্র বিক্রয় করিয়া যথাসাধ্য অর্থ তিনি লইয়া আসিলেন বটে, কিন্তু তাহাতে সমস্ত প্রাপ্য দাবী মিটিল না। মৃত্যুঞ্জয় বসু ক্রোধে পুত্রবধূকে বর্জ্জন করিলেন এবং এই পরিবারের সহিত কোনপ্রকার সম্বন্ধ রাখিতে কলিকাতায়

## *Here's your Entertainment Map !*

### United Artists Present

ROMAN SCANDALS
Eddie Cantor

PRIVATE LIFE OF DON JUAN
Douglas Fairbanks

AFFAIRS OF CELINI
Frederick March

HOUSE OF ROTHSCHILD
George Arliss, Loretta Young.

### Universal Pictures Present

BLACK CAT
Bela Lugosi, Boris Karloff

IMITATION OF LIFE
Claudeth Colbert

LITTLE MAN WHAT NOW ?
Margaret Sullavan Douglas Montogomery

ONE MORE RIVER
(Galsworthy's Novel)
Diana Wynward, Reginald Denny, Lionel Atwill

I LIKE IT THAT WAY
(A Musical Extravaganza)
Gloria Stuart

VANISHING SHADOW
Onslaw Stevens



অরবিন্দকে নিষেধ করিয়া পাঠাইলেন। পিতার আদেশ অমান্য করিবার শক্তি অরবিন্দের ছিল না, তারপর পিতামাতাকে দেবতার মতই অরবিন্দ ভক্তি করিত। কাজেই পিতার এই নির্ম্মম আদেশে সমস্ত হৃদয় ভাঙ্গিয়া গেলেও অরবিন্দ ইহাকে ভক্তির সহিত গ্রহণ করিল। অন্তঃস্বত্ত্বা মনোরমা এবং পত্নীগতপ্রাণ অরবিন্দের মিলিত হইবার উপায় রহিল না। তারপর পিতার আদেশে অরবিন্দকে পিতার বন্ধু-কন্যা সুশিক্ষিতা, গর্ব্বিতা ব্রজরাণীকে বিবাহ করিতে হইল। অরবিন্দের এ বিবাহে কোন আগ্রহ ছিল না, কিন্তু তাহার হৃদয়কে কেহই বুঝিতে চাহিল না। এই সংবাদ যখন কাণে পৌছিল, মনোরমার পিতামাতার মাথায় তখন আকাশ ভাঙ্গিয়া পড়িল। আর মনোরমার ?—সে কথা




লিখিয়া বুঝান যায় না। দিন যাইতে লাগিল। মনোরমা একটি পুত্র-সন্তান প্রসব করিলেন। ক্রমে শিশু অজিত বড় হইল কিন্তু একদিনও পিতাকে দেখা অদৃষ্টে ঘটিল না। মৃত্যুঞ্জয়ের মৃত্যুরপর শ্রাদ্ধের নিমন্ত্রণ করিতে বহুদিন পরে অরবিন্দ একবার মনোরমার পিত্রালয়ে উপস্থিত হইল। কিন্তু নিতান্ত পরের মত মাত্র সংবাদটুকু দিয়া অরবিন্দ চলিয়া গেল। পিতাপুত্রে

## R. K. O. Radio Presents

MORNING GLORY
(Motion Picture Award Winner of 1933)
Katherine Hepbern, Douglas Fairbanks (Jr.)

LITTLE WOMEN
(A screen virsion of Louisa Alcott's greatest
Novel Universally Applied)
Katherine Hepbern

FLYING DEVILS
A Reckless Revel of Death-defying-derring-do-starring Arline Judge.

ভারতলক্ষ্মীর শ্রেষ্ঠ অবদান

## শুভ ব্রাহ্মস্পর্শ

চিত্তরঞ্জন গোস্বামী, ইন্দুবালা

*For real good movies just follow this entertainment map !*
*Watch out for them at your favourite theatre*

## CHAYA

A COLOURFUL ROMANCE
OF
BANDIT LIFE

**CHU-CHIN-CHOW**
**CHU-CHIN-CHOW**

Story of Alibaba & 40 Thieves


*—Staring—*

George Robey, Anna May Wang

**COMING AT THIS THEATRE**
**VERY SHORTLY**



দেখা হইল কিন্তু পরিচয় হইল না। বহুদিন পরে অরবিন্দের জ্যেষ্ঠ ভাগিনেয়ীর বিবাহে নিমন্ত্রিত হইয়া অজিত সেখানে গিয়াছিল। ব্রজরাণী তথায় তাহাকে দেখিয়া মুগ্ধ হইল বটে কিন্তু যখন জানিতে পারিল যে সে তাহার সতীন-পুত্র, ঈর্ষ্যাকাতর ব্রজরাণী তৎক্ষণাৎ সে বিবাহবাড়ী পরিত্যাগ করিয়া চলিয়া গেল। স্বামীকে ব্রজরাণী ভালবাসিয়াছিল বটে কিন্তু সে সন্দেহ করিত যে, হয়তো অরবিন্দ মনোরমাকে ভুলিতে পারে নাই এবং এই চিন্তাটাই তাহাকে পাগল করিয়া তুলিত। কিন্তু সত্যসত্যই অরবিন্দ মনোরমাকে মূহুর্ত্তের জন্যও ভুলিতে পারে নাই। মুখে মনোরমার নাম সে কখনও করিত না বটে কিন্তু তাহার সমস্ত অন্তর ব্যাপিয়া মনোরমার মূর্ত্তি নিশিদিন বিরাজ করিত। অজিত বড় হইল, কলেজে পড়িবার আকাঙ্ক্ষা লইয়া পিতার কাছে সে পত্র লিখিল কিন্তু যে পিতা বহু দরিদ্র শিক্ষার্থীকে অর্থ এবং বাসস্থান দিয়া পড়িবার সহায়তা করিতেন, তিনি পুত্রের জন্য কিছুই করিতে স্বীকৃত হইলেন না। অবশেষে নিতাই'র সাহায্যে অজিত কলিকাতায় পড়িতে গেল বটে কিন্তু সেখানে পড়াশুনা হইতেও তাহার বড় কাজ হইল পিতাকে






দেখিবার আকাঙ্ক্ষায় পথে পথে ঘুরিয়া বেড়ান। সেই সুদূর বালিগঞ্জে পিতার প্রাসাদতুল্য অট্টালিকার চতুষ্পার্শ্বে দীনহীনবেশে ছিন্নবস্ত্র পরিহিত অজিতকে কেবলই পথে পথে ঘুরিয়া বেড়াইতে দেখা যাইত। একদিন রাত্রিতে অন্ধকারের আশ্রয়ে চোরের মত রেলিং ডিঙ্গাইয়া পীড়িত পিতার নিকট অজিত উপস্থিত হইল।



অজিতের চোখের জলস্পর্শে অরবিন্দ চমকিয়া জাগিয়া উঠিবার সঙ্গে সঙ্গে অজিত নিঃশব্দে পলাইয়া গেল। সকলে ভাবিল, হয়তো চোর আসিয়াছিল; কিন্তু কেবলমাত্র অরবিন্দ বুঝিলেন যে আজ চোরের মত পিতাকে দেখিতে আসিতে হইয়াছিল তাহারই একমাত্র পুত্রকে—



বংশের দুলালকে। ওদিকে মনোরমা মৃত্যুশয্যায়—এদিকে অরবিন্দেরও ভাল হইবার কোন আশা দেখা যাইতে ছিল না। যে রোগ তাহাদের উভয়ের মনের কোণে বাসা বাঁধিয়াছিল, তাহা ধরিবার মত সাধ্য কোন চিকিৎসকের ছিল না। অজিতকে তখন কি এক নেশায় যেন পাইয়াছে, মাতার কাতর আহ্বান সত্ত্বেও দেশে না গিয়া সে অরবিন্দকে দেখিবার প্রত্যাশায় কেবল ঘুরিয়া বেড়াইত। তারপর সে যখন দেশে ফিরিল, তখন মনোরমার

*TO ADVERTISE IN THIS PROGRAMME*

*Apply to*

**Oriental Publicity Service.**

26, Suburban School Road, Bhowanipur.

জীবনের আর আশা নাই; এদিকে বহু বিলম্বে ব্রজরাণী স্বামীর অসুস্থতার মূল 'কোথায়' বুঝিতে পারিয়া মনোরমাকে ফিরাইয়া আনিবার জন্য তাহার পিত্রালয়ে যখন উপস্থিত হইল, তখন মূর্চ্ছিতা মনোরমার বুকের উপর মাথা রাখিয়া অজিত কাঁদিতেছে। জ্ঞান হইলে পর মনোরমা পুত্র অজিতকে ব্রজরাণীর হস্তে সমর্পণ করিয়া পৃথিবীর শেষ নিঃশ্বাসগ্রহণ করিলেন।

শেষ

# গান

( ১ )

আর্ত্ত আতুর তনয়ের তব হর দুখ-হর রাণী
মরণ-মথিত অমৃত মন্ত্রে শুনাও অভয় বাণী।
অন্নহীনের মুখে তুলে দাও অন্ন,
শক্তি বিহীনে কর মা শক্তি-ধন্য
রিষ্টি হরণ দৃষ্টি বুলায়ে সৃষ্টির হর' গ্লানি
শঙ্কা-নাশন কলুষ-শাসন এস দশায়ুধ-পাণি,
এস চঞ্চলা, লোক মাতা রমা, এস বাণী বীণাপাণী,
( এস ) জগৎধাত্রী, শক্তি দাত্রী, জাগাও নিখিল প্রাণী ॥

( ২ )

**শৈলেশ**—"মরি মরি হ'ল একি দায়,—প্রেম দায়।
আগে না বুঝিয়া মর্ম্ম, করিয়াছি কি কুকর্ম্ম
শেষে এই ঘটালেন ধর্ম্ম, কর্ম্ম ভোগ আমার" ॥

( ৩ )

**শৈলেশ**—"যাদু এই বেলা পথ দেখ।
বিদ্যা পাবার আশা থাকে, চাঁদ মুখে ছাই মাখ ;
বসন ভূষণ ত্যজ্য কর, মাসীর কথা রাখ" ॥

( ৪ )

**শৈলেশ**—"আমি যারে ভালবাসি,
সে দেয় আমার গলায় ফাঁসী।
দূরে থেকে টেনে রাশি,
হেঁচকা টানে প্রাণ বাঁচে না" ॥



( ৫ )

**শৈলেশ**—"যাদুমণি! গোপনে ঘটনা ভাল নয়।
কর না উপায় বুদ্ধি তুমি ত রাজ তনয় ॥
উভয়ের মন-আশা
গুপ্তভাবে যাওয়া আসা
সুমন্ত্রণা বটে কিন্তু শেষে যন্ত্রণা" ॥

( ৬ )

**নেপথ্য সঙ্গীত**—কত ব্যথা প্রাণে বাজে দুখীর সদা
সুখী কি বুঝিবে তারি মরম ব্যথা !
আঁখির জলেতে হায়,
সাগর ডুবিয়া যায়,
গভীর শ্বাসে
ভাসে নিরাশে
তারে কেন মিছে আর ভোলান' কথায় ॥

( ৭ )

**ব্রজরাণী**—তমাল কালো সাঁজের মায়ায়
ডাক দিল সে আয় চলে আয়,
প্রাণ উদাসী তার ডাকে, হায়,
আর কি থাকা যায়।

ঝিমিয়ে আসে বাঁশীর বাণী
মনে পড়ে সে মুখ খানি
সন্ধ্যামণি সে যে, আমার
পথের পানে চায়।

সারাটী দিন বাঁশীর সুরে
তারেই আমি বেড়াই ঢুঁড়ে
সাঁজের আলোয় পাব ব'লে
সুরের প্রতিমায়।

( ৮ )

নেপথ্য সঙ্গীত—বসিয়ে একাকী আশার আশে হায়
দিবস রজনী কাঁদে পরাণ হায়।
কুসুম ঝরে, ফোটে, তপন ডোবে উঠে
ফেরে না সে কভু যে নেছে বিদায়॥

( ৯ )

ব্রজরানী—অন্তরে মোর একটী ব্যথা
বাজে অনুক্ষণ,
সব পাওয়ার এ সুখের মাঝে
নাইক কি সে ধন।

পাওয়ার যা তা সব পেয়েছি—
যা চেয়েছি না চেয়েছি
নাম না জানা কোন্ সে রতন
চায়রে তবে মন!

ঘুম ভেঙ্গে যায় গভীর রাতে
চমকে উঠি দেখে
কোলটী আমার খালি, হৃদয়
গভীর শূন্য ঠেকে,

স্বপন দেখি শিশুর মেলা
আমায় ঘিরে করচে খেলা
ধরতে গেলে পালায় ছুটে,
ভাসছে নয়ন॥



( ১০ )

নেপথ্য সঙ্গীত—(ওহে) যাত্রী, চল' ধীরে
তব মন্দিরে।
সম্মুখে আঁধার রাত্রি বন পথে একা যাত্রী
নাহি সাথী রজনীরে॥

যত তব কল্পনা কামনা আশা
কয় মন ওই শোন্, গোপন ভাষা
মিটিবে সব আজি, না, না, ভেব'না,
মিছে ভয় অটবীরে,
চল ধীরে তব মন্দিরে॥

( ১১ )

নেপথ্য সঙ্গীত—এখনও নয়নে জাগে
সে রূপ মোহন রাগে।
নিরাশে ফিরিতে হবে
জানিত বল' কে আগে॥

সাগর শুকায়ে যাবে
এ ছিল আমার ভাগে
অনেক দুঃখ আঁধি
সয়েছি আমিও কাঁদি
হেলার বেদনা জ্বালা
বুকে যে বিষম লাগে॥

# নিমলিন টুথ পাউডার

বা

## নিমের নির্য্যাস হইতে প্রস্তুত

# দাঁতের মাজন !

ইহা ব্যবহারে দাঁতের অসহ্য বেদনা, দন্তশূল, মাড়ী ফোলা, রক্ত, পুঁজ পড়া এবং দাঁতে পোকা ধরা প্রভৃতি যাবতীয় দন্ত রোগ অতি অল্পকালের মধ্যে আরোগ্য হয় ও মুখের দুর্গন্ধ নাশ করিয়া দাঁতকে বেশ ধপধপে সাদা করে। দাঁতের গোড়ার মাংস ক্ষয় হইতে থাকে বলিয়াই দাঁত অসময়ে নড়িতে আরম্ভ হয়। নিমলিন এই ক্ষয় নিবারণ করিয়া দাঁতের গোড়া শক্ত করে এবং দাঁত নড়া ও অসময়ে দাঁত পড়া বন্ধ করে।

মূল্য—১ টিন ।০

## ফেব্রোমা লিমিটেড।

প্রাপ্তিস্থান—২৬৫, বহুবাজার ষ্ট্রীট, কলিকাতা।

ফেব্রোমা লিমিটেডের

দন্তকান্তি নামক ANTISEPTIC

**Tooth Powder**

এখানে পাওয়া যায়।

মূল্য—১ টিন ।০

---

ভারতের বহু বিশিষ্ট ব্যক্তিগণের প্রশংসাপত্র আছে

—স্থানাভাবে লেখা হইল না—

---

*Insure with—*

## Tropical Insurance Co. Ltd.

*Founded by*

## Late Moti Lall Neheru

*Head Office*—**Delhi**

*Branch Office*—**5, Dalhouse Square**

---

SPECTACLES ! চশমা !

## R. C. Ghose & Sons.

**WHOLESALE OPTICIANS.**

**পাইকারী চশমা বিক্রেতা।**

**285/4, BOWBAZAR STREET,**

**CALCUTTA.**

# Family Tea Supply

**Wholesale Tea Dealers**

BRANCHES THROUGHOUT BENGAL

*SPECIALITY*

IN

## OUR AGENCY SYSTEM

(*a*) We advance stock to our agents only in personal security,

(*b*) Our organisers help the agents, free of cost, to explore their market.

(*c*) Monthly bill is made on stocks sold not on stocks advanced.

*For* SPECIAL AGENCY TERMS APPLY TO—

*Head Office :—*

26, SUBURBAN SCHOOL ROAD, BHOWANIPUR.

CALCUTTA.

**Distributed through Oriental Publicity Service.**


Printed by Hirendra Nath Sircar, at Peary Press, 32/7, Beadon Street, Calcutta.